

## বোমা হামলার হমকি : দিল্লিগামী মার্কিন ফ্লাইটের জরুরি অবতরণ

- A Monitor Desk Report

Date: 24 February, 2025



রোম, ইতালি : আমেরিকান এয়ারলাইনসের একটি ফ্লাইট (এএ ২৯২) বোমা হামলার হমকি পেয়েছে। পরে নিউইয়র্ক থেকে দিল্লির উদ্দেশে উড়াল দেয়া ফ্লাইটটি রোমে জরুরি অবতরণ করে।

আমেরিকান এয়ারলাইনস কর্তৃপক্ষ জানিয়েছে, ই-মেইলে হমকি পাওয়ার পর নিরাপত্তার জন্য ফ্লাইটটি রোমের ফিউমিচিনো বিমানবন্দরে জরুরি অবতরণ করে।

ভারতীয় সংবাদমাধ্যম জানিয়েছে, বোয়িং ৭৮৩ ডিমলাইনার রবিবার (২৩ ফেব্রুয়ারি) নিউইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর থেকে যাত্রা শুরু করে। কাস্পিয়ান সাগর পার হওয়ার পর বোমা হামলার হমকি আসে। এরপর ফ্লাইটটি ইউরোপের দিকে ফিরে যায়।

সূত্রমতে, রোম বিমানবন্দর থেকে নিরাপত্তা ছাড়পত্র পাওয়ার পর ফ্লাইটটি আবার দিল্লির উদ্দেশে যাত্রা শুরু করবে।

আমেরিকান এয়ারলাইনসের পক্ষ থেকে দেওয়া এক বিবৃতিতে জানানো হয়েছে, 'নিউইয়র্ক থেকে দিল্লিগামী এএ ২৯২ ফ্লাইটটিতে সম্ভাব্য হামলার হমকির কারণে রোমে জরুরি অবতরণ করানো হয়েছে।'

-B